

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 21-10-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার জনজাতিদের সার্বিক উন্নয়নে কাজ করছে।
- (২) বিশালগড় মহকুমা হাসপাতাল জাতীয় গুণগত মান নিশ্চয়তা মানদণ্ড'র নিরিখে জাতীয় স্বীকৃতি অর্জন করেছে।
- (৩) তথ্য ও সম্প্রচার মন্ত্রক জানিয়েছে, পঞ্চম পর্বের বিশেষ স্বচ্ছতা অভিযান চলাকালীন ১ লক্ষ ৪৩ হাজার কেজি বর্জ্য অপসারণ করা হয়েছে।
- (৪) দুইবারের অলিম্পিক পদকজয়ী জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়াকে স্থল সেনাবাহিনীতে সম্মানসূচক লেফটেন্যান্ট কর্নেল পদক প্রদান করা হয়েছে।

\*\*\*\*\*

**CM, Takarjala:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছে |আজ বিজেপি'র টাকারজলা মণ্ডল কার্যালয়ের উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত জনসভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। তিনি বলেন, জনজাতি অধুঃষিত ১২ টি ঝকের সার্বিক উন্নয়নের লক্ষ্যে রাজ্য সরকার বিশেষ অগ্রাধিকার দিয়ে কাজ করছে। জনজাতিদের উন্নয়নে সরকারের গৃহিত পদক্ষেপ তিনি বিস্তারিত উল্লেখ করেন।

##### CM Byte #####

কর্মসূচিতে বক্তব্য রাখেন বিজেপি'র রাজ্য সভাপতি, সাংসদ রাজীব ভট্টাচার্য,  
জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, প্রমুখ।

\*\*\*\*\*

### NQAS, Bishalgarh Hospital:

বিশালগড় মহকুমা হাসপাতাল জাতীয় গুণগত মান নিশ্চয়তা মানদণ্ড'র নিরিখে  
জাতীয় স্বীকৃতি অর্জন করেছে। জাতীয় স্বাস্থ্য মিশন- ত্রিপুরার পক্ষ থেকে  
জানানো হয়েছে, রাজ্যে এই প্রথম একটি মহকুমা হাসপাতাল এই ধরনের জাতীয়  
স্বীকৃতি পেল। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের তিন জনের জাতীয়  
মূল্যায়নকারীর একটি দল গত মাসে হাসপাতালের পরিষেবা প্রদান পদ্ধতি,  
পরিকাঠামো, রোগী স্বরক্ষা, সংক্রমণ নিয়ন্ত্রণ, ও অন্যান্য গুণগত মানসমূহ  
জাতীয় গুণগত মান নিশ্চয়তা মানদণ্ড অনুসারে বিস্তারিতভাবে যাচাই ও  
পর্যালোচনা করে এই মূল্যায়নের ভিত্তিতেই বিশালগড় মহকুমা হাসপাতাল এই  
জাতীয় স্বীকৃতি পেয়েছে।

\*\*\*\*\*

### Minister Tinku Roy:

যুব বিষয়ক ও ঢীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের শৈবতীর্থ  
উনকোটি পাহাড়ে বন দপ্তর ও গো গ্রীন ভলান্টিয়ার্স' আয়োজিত মেগা  
বৃক্ষরোপণ কর্মসূচির সূচনা করেন। তিনি বলেন, 'শৈবতীর্থ উনকোটি'কে কেন্দ্র  
করে বর্তমানে প্রায় ৮০ কোটি টাকার কাজ চলছে। আগামী ২০২৬ সালের  
মাঝামাঝি সময়ে এইসব কাজ সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এই  
অনুষ্ঠানে মন্ত্রী টিংকু রায় গাছের চারা রক্ষায় তৈরি "গ্রীণ গার্ড" এর উদ্বোধন  
করেন। পৌরহিত্য করেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী  
দেবরায়।

\*\*\*\*\*

### **Jitendra Chowdury:**

বিরোধী দলনেতা তথা সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন তিন দফা দাবিতে আগামী ২৪ শে অক্টোবর থেকে ৩১ অক্টোবর পর্যন্ত সিপিআইএম রাজ্যের বিভিন্ন স্থানে আন্দোলন কর্মসূচি গ্রহণ করেছে। এর অঙ্গ হিসেবে আগামী ২৪ শে অক্টোবর আগরতলায় অবস্থান কর্মসূচির আয়োজন করা হবে।

\*\*\*\*\*

### **Bhatriditiya:**

আজ আত্মদ্বিতীয়। গতকাল প্রতিপদ্বে অনেকে ভাইফোঁটা দিয়েছেন। আজ দ্বিতীয়ায় বোনেরা ভাইদের ফোঁটা দিয়ে দীর্ঘায়ু সুস্থ জীবন ও পারিবারিক সুখ সাক্ষন্দ্য কামনা করেন। ভাইফোঁটাকে কেন্দ্র করে পরিবারে মিলন হয়, খাওয়া-দাওয়া আশীর্বাদ স্বরূপ সাধ্য অনুযায়ী উপহার বিনিময়ের প্রচলন রয়েছে।

\*\*\*\*\*

### **Annakut:**

আজ অন্নকূট উৎসব ও গিরি গোবর্ধন পূজা। বৈষ্ণব সম্প্রদায়ের অন্যতম এই উৎসবকে কেন্দ্র করে রাজ্যের বিভিন্ন দেবালয় ও মন্দিরে বিশেষ পূজার্চনা ও ভোগ নিবেদনের আয়োজন করা হয়েছে। নানা ব্যঙ্গন, মিষ্ঠান সহ নানা উপাচারে ভগবানের উদ্দেশ্যে ভোগ নিবেদন করাই হল অন্নকূট উৎসব। এই উপলক্ষে আগরতলার জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দির, ধলেশ্বরের হরেকৃষ্ণ মন্দির, সেন্ট্রাল রোডের শিববাড়ি সংলগ্ন শ্রী রাধেশ্বাম মন্দির ও শ্রীকৃষ্ণ মন্দিরে বিশেষ ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বহু বাড়ি ঘরেও আজ অন্নকূট উৎসবের আয়োজন করা হয়েছে।

\*\*\*\*\*

## **Dewali End:**

উদয়পুরের মাতাবাড়িতে তিন দিনব্যাপী রাজ্যভিত্তিক দীপাবলি উৎসব ও মেলার সমাপ্তি হচ্ছে আজ রাতে। আজ সন্ধ্যায় কল্যাণ সাগরে বিশেষ কল্যাণ আরতি করা হয়। দীপাবলি উৎসবে আজ শেষ দিনেও ত্রিপুরা সুন্দরী মন্দির প্রাঙ্গনে প্রচুর পুন্যার্থীর সমাগম হয়।

\*\*\*\*\*

## **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

## **Special Drive 5.0:**

তথ্য ও সম্প্রচার মন্ত্রক জানিয়েছেন, পঞ্চম পর্বের বিশেষ স্বচ্ছতা অভিযানের আওতায় ৪৯৩টি প্রাঙ্গণ, ৯৭৩টি স্থান এবং ১০৪টি যানবাহন পরিষ্কার করা হয়েছে। মন্ত্রক জানিয়েছে যে অভিযান চলাকালীন ১ লক্ষ ৪৩ হাজার কেজি বর্জ্য অপসারণ করা হয়েছে। এর থেকে ৩৪ লক্ষ টাকারও বেশি রাজস্ব আয়

হয়েছে এবং প্রায় ৮০০৭ বর্গফুট জায়গা জঞ্জল মুক্ত করা হয়েছে। অভিযানের অংশ হিসেবে জনসাধারণের মোট ৩০১টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

\*\*\*\*\*

### **Special Campaign 5.0:**

তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অবর সচিব মিহির কুমার বা পঞ্চম পর্বের বিশেষ স্বচ্ছতা অভিযান পর্যালোচনার উদ্দেশ্যে আজ আকাশবাণী আগরতলা, আগরতলা দূরদর্শন কেন্দ্র, প্রেস ইনফরমেশন বুয়রো-র রাজ্য কার্যালয় এবং সেন্ট্রাল বুয়রো অফ কমিউনিকেশন-এর বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন এবং সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে মতবিনিময় করেন।

এই উপলক্ষে দূরদর্শন প্রাঙ্গনে “এক পেড় মা কে নাম” শীর্ষক বিশেষ কর্মসূচীর আয়োজন করা হয়। এর অঙ্গ হিসেবে শ্রী বা দুটি আগর বৃক্ষ চারা রোপণ করেন।

বৃক্ষরোপণ অনুষ্ঠানে পিআইবি, সিবিসি এবং দূরদর্শন কেন্দ্রের আধিকারিক ও কর্মীগণ উপস্থিত ছিলেন।

অবর সচিব শ্রী বা আগামীকাল শিলং যাবেন। সেখানে বিভিন্ন মিডিয়া ইউনিট পরিদর্শন করবেন। তাছাড়া, গুয়াহাটিতেও মিডিয়া ইউনিট পরিদর্শনের কর্মসূচি রয়েছে তাঁর।

\*\*\*\*\*

### **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে অক্টোবর আকাশবাণীতে 'মন-কি-বাত' অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭তম পর্ব। বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর,

ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের  
ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও 'মন-কি-বাত' সম্প্রচারিত হবে।

\*\*\*\*\*

### **Forest Area:**

বিশ্বব্যাপী পরিবেশ সংরক্ষণে ভারত একটি উল্লেখযোগ্য মাইলফলক অর্জন  
করেছে। বিশ্বব্যাপী মোট বনভূমির দিক থেকে ভারত নবম স্থানে উঠে এসেছে।  
ইন্দোনেশিয়ার বালিতে খাদ্য ও কৃষি সংস্থা কর্তৃক প্রকাশিত প্লোবাল ফরেস্ট  
রিসোর্সেস অ্যাসেসমেন্ট ২০২৫-এ এই তথ্য প্রকাশিত হয়েছে। পরিবেশমন্ত্রী  
ভূপেন্দ্র যাদব বলেছেন যে এই অর্জন বন সুরক্ষা, বনায়ন এবং সম্প্রদায়-  
নেতৃত্বাধীন পরিবেশগত পদক্ষেপের লক্ষ্য সরকারের নীতি ও কর্মসূচির  
সাফল্যের প্রতিফলন। তিনি জানান যে বার্ষিক বনভূমি বৃদ্ধির ক্ষেত্রে ভারত  
বিশ্বে তৃতীয় স্থান অধিকার করে চলেছে, যা পরিবেশ সুরক্ষা এবং সুস্থায়ী  
উন্নয়নের প্রতি দেশের ধারাবাহিক প্রতিশ্রুতি প্রতিফলিত করে। শ্রী যাদব  
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর "এক পেড় মা কে নাম" উদ্দেয়গের কথা তুলে ধরে  
বলেন, এটি সারা দেশের নাগরিকদের গাছ লাগানো এবং সবুজ ও পরিষ্কার  
ভবিষ্যতে অবদান রাখতে অনুপ্রাণিত করছে।

\*\*\*\*\*

### **ANM Nursing :**

এ এন এম নার্সিং কোর্সের জন্য স্পট রাউন্ড কাউন্সিলিং আগামী ২৪ অক্টোবর  
অনুষ্ঠিত হবে আগরতলায় বিদ্যুরকর্তা চৌমুহনীস্থির ডি঱েক্টর অফ মেডিকেল  
এডুকেশন কার্যালয়ে। এই কাউন্সিলিং-এ অংশগ্রহণকারীদের প্রয়োজনীয়  
নথিপত্রের মূল কপি সহ গ্রন্তি সকাল দশটা থেকে বেলা বারোটার মধ্যে  
ডি঱েক্টর অফ মেডিকেল এডুকেশন কার্যালয়ে রিপোর্টিং করতে বলা হয়েছে।

\*\*\*\*\*

### **NIPUN Tripura -Sepahijala:**

নিপুন ত্রিপুরা মিশনের তৃতীয় বর্ষপূর্তি উপলক্ষ্যে আজ সিপাহীজলা জেলার বিশ্রামগঞ্জ ও চড়িলামে ট্যাবলু সহ বর্নাত্য শোভাযাত্রার আয়োজন করা হয়। নিপুন ত্রিপুরা মিশনের অধীন নিপুন ক্লাসরুমের শিশু বাস্তব শিক্ষক শিখন সামগ্রীর কার্য্যকারিতার প্রচারের জন্য এই যাত্রার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বুনিয়াদি শিক্ষা বিভাগের যুগ্ম অধিকর্তা হর্ষিতা বিশ্বাস, জেলা শিক্ষা আধিকারিক কণিকা দেববর্মা, নিপুন ত্রিপুরা মিশনের ব্রাহ্ম অফিসার অভিজিৎ সমাজপতি প্রমুখ।

\*\*\*\*\*

### **Bikash Debbarma:**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা তেলিয়ামুড়া মহকুমার মুঙ্গিয়াকামি রাকের আঠারোমুড়া পাহাড়ের পাদদেশে মা মাতৃকা মঙ্গলা আশ্রম সংস্কারের জন্য বিধায়ক এলাকা উন্নয়ন তহবিল থেকে ১০ লক্ষ টাকা প্রদান করেছে। এই আর্থিক সহায়তার জন্য আশ্রম কর্তৃপক্ষ শ্রী দেববর্মাকে ধন্যবাদ জানিয়েছে।

\*\*\*\*\*

### **Krishak Sabha:**

রাজ্যের কৃষকদের স্বার্থসংশ্লিষ্ট দশ দফা দাবিতে সারা ভারত কৃষক সভা রাজ্য কমিটির পক্ষ থেকে মুখ্য সচিবের কাছে স্মারকলিপি প্রদান করা হয়েছে। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে কৃষক সভার রাজ্য নেতৃত্ব পবিত্র কর এ সংবাদ জানান। তিনি জানান, স্মারকলিপিতে উল্লেখযোগ্য দাবিগুলির মধ্যে রয়েছে সীমান্তে কঁটাতারের গেইট সকাল ৬টা থেকে বিকাল ৫টা পর্যন্ত খোলা রাখা, প্রত্যেক কৃষক পরিবারের কৃষি কাজে যুক্ত কৃষি শ্রমিক সহ সংশ্লিষ্ট

সবাইকে যাতাযাতের জন্য জেলা শাসকের মাধ্যমে নিষিদ্ধ স্থায়ী পাশ প্রদান করা  
ও কাঁটাতারের ওপারে জমিতে জল সেচের ব্যবস্থা করা। সাংবাদিক সম্মেলনে  
কৃষক সভার নেতা অঘোর দেববর্মা<sup>ও</sup> বক্তৃব্য রাখেন।

\*\*\*\*\*

### **Neeraj Chopra,Lt Colonel:**

দুইবারের অলিম্পিক পদকজয়ী জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়াকে স্থল  
সেনাবাহিনীতে সম্মানসূচক লেফটেন্যান্ট কর্নেল পদক প্রদান করা হয়েছে।  
প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এবং সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদীর  
উপস্থিতিতে আজ নতুনদিল্লিতে এই পদোন্নতি অনুষ্ঠান হয়। তারা উভয়ে নীরজ  
চোপড়ার পোশাকে নতুন পদমর্যাদার প্রতীক পরিয়ে তাঁকে আনুষ্ঠানিকভাবে  
পদোন্নতি দেন। প্রতিরক্ষা মন্ত্রী বলেন, লেফটেন্যান্ট কর্নেল নীরজ চোপড়া  
শৃঙ্খলা, নিষ্ঠা এবং জাতীয় গর্বের সর্বোচ্চ আদর্শের প্রতীক, ত্রীড়া জগত এবং  
সশস্ত্র বাহিনীর মধ্যে প্রজন্মের জন্য অনুপ্রেরণা হিসেবে কাজ করেন।

উল্লেখ্য, নীরজ চোপড়া ২০১৬ সালের আগস্ট মাসে নায়েব সুবেদার পদে  
জুনিয়র কমিশনড অফিসার হিসেবে ভারতীয় সেনাবাহিনীতে যোগদান করেন।  
দুই বছর পর তিনি অর্জুন পুরস্কার পান এবং ২০২১ সালে ত্রীড়াক্ষেত্রে তাঁর  
কৃতিত্বের জন্য খেলরত্ন পুরস্কার পান। ২০২১ সালে নীরজ সুবেদার পদেও উন্নীত  
হন। ২০২০ সালে টোকিওতে ঐতিহাসিক স্বর্ণপদক জয়ের পর, ২৭ বছর বয়সী  
এই ভারতীয় ত্রীড়াবিদকে ২০২২ সালে ভারতীয় সেনাবাহিনীর সর্বোচ্চ  
শান্তিকালীন পদক "পরম বিশিষ্ট সেবা পদক" প্রদান করা হয়। ২০২২ সালে তিনি  
সুবেদার মেজর পদে উন্নীত হন এবং একই বছর দেশের চতুর্থ সর্বোচ্চ  
অসামরিক পুরস্কার পদ্মশ্রী লাভ করেন।

\*\*\*\*\*

## **Weather:**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হাঞ্চা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৮ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*